

হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের (HPV) পুনরায় টিকাদান কর্মসূচীর তথ্য

স্বাস্থ্য বিভাগ (DH) 2024/25 স্কুল বছরে এককালীন হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের (HPV) পুনরায় টিকাদান কর্মসূচী চালু করেছে, এই পুনরায় টিকাদান কর্মসূচী বিনামূল্যে প্রদান করা হবে 2004 এবং 2008 সালের মধ্যে জন্মগ্রহণকারী সেই সকল মহিলা হংকং বাসিন্দাদের, যারা হংকং শিশু টিকাদান কর্মসূচির আওতাভুক্ত ছিলেন না, এর লক্ষ্য উচ্চ-বুঁকিপূর্ণ হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের বিরুদ্ধে ধীরে ধীরে সমাজের সামগ্রিক প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা এবং এর মাধ্যমে জরায়ুর ক্যান্সার প্রতিরোধ করা।

HPV কী?

HPV হলো ভাইরাসের একটি দল, যার মধ্যে 150-এর বেশি জিনোটাইপ অন্তর্ভুক্ত রয়েছে। এর মধ্যে প্রায় 40 ধরনের ভাইরাস যৌনাঙ্গ এলাকায় সংক্রমণ ঘটাতে পারে। কিছু ধরনের HPV জরায়ু ঘোনি, বহিঘোনি এবং মলদ্বারের কোষে পূর্ব-ক্যান্সারজনিত পরিবর্তন এবং ম্যালিগন্যান্ট ক্যান্সার সৃষ্টি করতে পারে।

HPV টিকা কী?

HPV টিকা হলো একটি প্রতিরোধমূলক টিকা, যা জরায়ুর ক্যান্সারসহ অন্যান্য HPV-সম্পর্কিত ক্যান্সার বা রোগ প্রতিরোধে সাহায্য করে। হংকংয়ে, HPV-16, 18, 31, 33, 45, 52, এবং 58 প্রজাতির ভাইরাস জরায়ুর ক্যান্সারের প্রায় 90% ক্ষেত্রেই দায়ী। এই সাতটি জিনোটাইপই 9-ভ্যালেন্ট HPV টিকার অন্তর্ভুক্ত।

কেন আমার HPV ক্যাচ-আপ টিকা গ্রহণ করা প্রয়জন?

সর্বশেষ বিদেশি ও স্থানীয় বৈজ্ঞানিক প্রমাণ পর্যালোচনা করার পর, বিশ্ব স্বাস্থ্য সংস্থার সর্বশেষ সুপারিশ এবং বিদেশি বাস্তব অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে, স্বাস্থ্য সুরক্ষা কেন্দ্রের অধীনস্থ ভ্যাকসিন প্রতিরোধযোগ্য রোগ বিষয়ক বৈজ্ঞানিক কমিটি 2022 সালে সুপারিশ করেছে যে, হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (HPV) টিকার গ্রহণ কোষে গোষ্ঠীকে 18 বা তার নিচের বয়সী মেয়েদের পর্যন্ত প্রসারিত করা উচিত।

এই কর্মসূচীর অধীনে কীভাবে HPV টিকা গ্রহণ করা যাবে?

এই কর্মসূচী টি প্রায় দুই বছরের জন্য তিনটি পর্যায়ে বাস্তবায়িত হবে।

প্রথম পর্যায়: এই পর্যায়টি হংকংয়ে সেকেন্ডারি ফাইভ বা তার উপরের (অথবা সমমানের শ্রেণিতে) অধ্যয়নরত পূর্ণকালীন ছাত্রীদের (বিশেষ বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়সহ) লক্ষ্য করে। মাধ্যমিক বিদ্যালয়গুলো অংশগ্রহণকারী বিস্তৃত টিকাদান দলগুলোর সঙ্গে সমন্বয় করবে, যাতে যোগ্য ছাত্রীদের বিনামূল্যে HPV টিকা প্রদান করা যায়।

দ্বিতীয় পর্যায়:

এই পর্যায়টি 2004 থেকে 2008 সালের মধ্যে জন্মগ্রহণকারী, স্থানীয় উচ্চমাধ্যমিক প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত মহিলা হংকং বাসিন্দাদের লক্ষ্য করে। বিস্তৃত টিকাদান দল বা সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের স্বাস্থ্যসেবা ক্লিনিকগুলো HPV ক্যাচ-আপ টিকাদান পরিষেবা প্রদান করবে।

তৃতীয় পর্যায়:

এই পর্যায়টি 2004 থেকে 2008 সালের মধ্যে জন্মগ্রহণকারী সেই মহিলা হংকং বাসিন্দাদের জন্য, যারা হংকংয়ে তাদের পড়াশোনা সম্পন্ন করেছেন। তাদের জন্য ক্যাচ-আপ টিকাদান পরিষেবা, কমিউনিটি স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর মাধ্যমে প্রদান করা হবে।

HPV টিকার সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া গুলো কী কী?

HPV এর টিকাগুলি সাধারণত নিরাপদ। বেশিরভাগ ছাত্র-ছাত্রীদের HPV টিকা গ্রহণের পর গুরুতর প্রতিক্রিয়া দেখা দেয় না। সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াগুলি অন্যান্য টিকার মতই, যেমন:

- (1) মৃদু এবং স্বল্পস্থায়ী পার্শ্বপ্রতিক্রিয়া, যার মধ্যে মাথাব্যথা, মাথা ঘোরা, বমি বমি ভাব এবং ক্লান্তি অন্তর্ভুক্ত।
- (2) ইনজেকশনের জায়গায় ব্যথা, লালচে ভাব বা ফোলাভাব।
- (3) জ্বর।

HPV টিকা নিয়ে কোনো নিরাপত্তা উদ্বেগ আছে কি?

HPV টিকা বিশ্বব্যাপী বহু বছর ধরে ব্যবহৃত হয়ে আসছে। বিস্তৃত বৈজ্ঞানিক প্রমাণ এবং HPV টিকা গ্রহণের পর প্রতিক্রিয়ার তথ্য পর্যালোচনা করার পর, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং বিদেশি স্বাস্থ্য কর্তৃপক্ষ নিশ্চিত করেছে যে HPV টিকা নিরাপদ ও কার্যকর এবং HPV টিকার কারণে গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি হয়— এমন কোনো প্রমাণ পাওয়া যায়নি।

কেন HPV টিকা তরুণ বয়সে দেওয়া হয়? এবং এটি কি প্রাক-প্রাপ্তবয়স্ক যৌন সম্পর্ক কে উৎসাহিত করবে?

HPV টিকা সবচেয়ে ভালো কাজ করে সেই মহিলাদের জন্য যারা কখনো HPV সংক্রমণের শিকার হয়নি, তাই এই টিকাটি যৌন সম্পর্কের শুরু হওয়ার আগে উপযুক্ত বয়সী মেয়েদের জন্য সুপারিশ করা হয়। গবেষণা দেখিয়েছে যে, HPV টিকা নেওয়া শিশুদের যৌনভাবে সক্রিয় হওয়ার সম্ভাবনা বা কম বয়সে সেক্স শুরু করার সম্ভাবনা বৃদ্ধি পায় না।